

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন


জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি'র ১০.০৭.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮-১৯ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ ওবায়দ উল্লাহ আল মাসুদ, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক
তারিখ	:	১০ জুলাই, ২০১৮ রোজ মঙ্গলবার
স্থান	:	কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
উপস্থিতি	:	সংলগ্নী- 'ক'

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিকের সভা (২০১৮-১৯ অর্থ বছরের ১ম সভা) ১০ জুলাই, ২০১৮ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এ ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর এবং নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওবায়দ উল্লাহ আল মাসুদ।

সভায় মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ ও নির্দেশিকা অনুসরণে প্রণীত কর্মপরিকল্পনা অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ওবায়দ উল্লাহ আল মাসুদ)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি

